

প্রথম আলো

তারিখ ... ২. ১. ১৯৬৬ ... ২০০৯ ...  
পৃষ্ঠা ... ৩ ...

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ১০ পদে ১৫ বছর ধরে ভারপ্রাপ্তরা

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি •

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ১৫ বছরেরও বেশি সময় ধরে প্রশাসনের গুরুত্বপূর্ণ ১০টি পদে দায়িত্ব পালন করেছেন ভারপ্রাপ্তরা। এর মধ্যে চারটি পদে স্থায়ী নিয়োগের জন্য মন্ত্রণালয়ের বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছিল। কিন্তু শেষ পর্যন্ত কেউকে নিয়োগ করা হয়নি। এমনকি আবেদনকারীদের নামাঙ্কনও নেওয়া হয়নি।

এই পদগুলো হচ্ছে রেজিস্ট্রার, প্রত্নতাত্ত্বিক হিসাব নিয়ন্ত্রক, পরীক্ষা নিয়ন্ত্রক, পরিচালনা ও উন্নয়ন প্রধান, চিফ মেডিকেল অফিসার, তথ্য ও ফটোগ্রাফি প্রধান, পরিবহন দপ্তর প্রধান, নিরাপত্তাপ্রধান ও বিশ্ববিদ্যালয়ের কলেজের অধ্যক্ষ।

বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার কার্যালয়ের কর্মকর্তারা জানান, দু'বার বিজ্ঞপ্তি প্রচার করলেও তারা আবেদন করেছেন তাঁদের কেউই এসব পদের যোগ্য ছিলেন না। এজন্য তাঁদের আবেদন পরে বাতিল করা হয়। আগামী মাসে পুনরায় চারটি পদের নিয়োগ বিজ্ঞপ্তি পরিক্রম প্রকাশ করা হতে পারে বলে তারা জানান।

উপাচার্য আবু ইউনুস প্রথম আলোকে বলেন, প্রশাসনে গতি জানতে আমরা

বিভিন্ন পদে দর মোক নিয়োগের সিদ্ধান্ত নিয়েছি। এসব নিয়োগপ্রক্রিয়া শিগগিরই সম্পন্ন হবে।

প্রশাসনের দায়িত্বশীল সূত্রে জানা গেছে, ১৯৯৫ মাসের ১ ফেব্রুয়ারি খালি হয় রেজিস্ট্রারের পদটি। গত ১৪ বছরে এই পদে মোক নিয়োগের জন্য দু'বার বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়।

১৯৯১ মাসের ৩০ জানুয়ারি প্রত্নতাত্ত্বিক পদটি খালি হয়। এরপর গত ১৮ বছরে এই পদটিতে ১১ জন ভারপ্রাপ্ত হিসেবে দায়িত্ব পালন করেছেন। তাঁদের মধ্যে কেউ কেউ একাধিকবার দায়িত্ব পালন করেছেন। একইভাবে পরীক্ষা নিয়ন্ত্রক হিসেবে কখনো বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক আবার কখনো কর্মকর্তাদের দায়িত্ব দেওয়া হয়েছে। বর্তমানে এ পদের ভারপ্রাপ্ত হচ্ছেন অধ্যাপক মোহাম্মদ মোজাফ্ফর হোসাইন। তিনি একই সঙ্গে বন ও পরিবেশবিদ্যা বিভাগের শিক্ষক।